26814 - রমজানরে রোজো পালন করা কার উপর ওয়াজবি?

প্রশ্ন

রমজানরে রোজো পালন করা কার উপর ওয়াজবি?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লািহ।.

যে ব্যক্তরি মধ্যে ৫টি শর্ত পাওয়া যায় তার উপর রোজো পালন করা ওয়াজবি -

এক: মুসলমি হওয়া

দুই: মুকাল্লাফ হওয়া অর্থাৎ শরয়ি বধিবিধািনরে ভারপ্রাপ্ত হওয়া

তনি: রোজো পালনে সক্ষম হওয়া

চার: নজিগৃহে অবস্থানকারী বা মুকীম হওয়া

পাঁচ: রোজো পালনরে প্রতবিন্ধকতাসমূহ হতে মুক্ত হওয়া

এই পাঁচটি শর্ত যে ব্যক্তরি মধ্যে পাওয়া যায় তার উপর সয়িাম পালন করা ওয়াজবি।

প্রথম শর্তরে মাধ্যমে কাফরে ব্যক্তি রোজো পালনরে দায়ত্বি থকেে বরেয়িে গলে। কাফরেরে উপর রোজো পালন অনবার্য নয়। আর কাফরে তা পালন করলওে শুদ্ধ হবে না। কাফরে যদি ইসলাম কবুল করে তাহলে তাকে পূর্বরে দনিগুলোর রোজো কাযা করার আদশে দয়ো হবে না। এর দলীল হল আল্লাহ তাআলার বাণী:

(وما منعهم أن تُقبل منهم نفقاتهم إلا أنهم كفروا بالله وبرسوله ولا يأتون الصلاة إلا وهم كسالى ولا يُنفقون إلا وهم كارهون ) [9] التوبة : 54]

“তাদরে অর্থ ব্যয় কবুল না হওয়ার এছাড়া আর কোনো কারণ নইে যে, তারা আল্লাহ ও তাঁর রসূলরে প্রতি অবশি্বাসী, তারা নামাযে আসে অলসতার সাথে, ব্যয় করে সঙ্কুচতি মনে।” [৯ সুরা তাওবা : ৫৪]

দান-সদকার উপকার বহুমুখী হওয়া সত্ত্বওে সটো যদ িকবুল না হয় তাহলে ব্যক্তগিত ইবাদত কবুল না হওয়াটাই অধকি যুক্তযিুক্ত। ইসলাম গ্রহণ করার পর নও মুসলমিকে যে কাফরে অবস্থায় না-রাখা রোজা কাযা করার নর্িদশে দয়ো হবে না এর দললি হচ্ছ-ে আল্লাহ্ তাআলার বাণী:

[قل للذين كفروا إن ينتهوا يغفر لهم ما قد سلف ) [ 8 الأنفال : 38 )

"আপন িকাফরেদরেকে বলে দনি যে, তারা যদ িবরিত হয়ে যায়, তবে পূর্বে যা কছিু ঘটে গছেে ক্ষমা করে দয়ো হব।ে"[৮ আল-আনফাল: ৩৮] এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহ িওয়া সাল্লাম থকেে মুতাওয়াতরি সূত্রে সাব্যস্ত হয়ছেে যে, কোন ব্যক্ত িইসলাম গ্রহণ করলে তনি িতাকে ইতপূির্বে ছুটে যাওয়া ওয়াজবিগুলো (আবশ্যকীয় ইবাদত) কাযা করার নর্িদশে দতিনে না।

তবে মুসলমান না-হয়ে রোজো না-রাখার কারণে কাফরেকে ক িআখরোতে শাস্ত িদয়ো হব?ে

উত্তর হচ্ছ-ে হ্যাঁ, কাফরে ব্যক্ত িরোজো না-রাখার কারণে এবং অন্য সব ওয়াজবি পালন না-করার কারণে শাস্ত িপাব।ে কারণ আল্লাহর প্রত িআনুগত্যশীল, শরয় িবধিান পালনে প্রতশি্রুতবিদ্ধ একজন মুসলমি যদ িশাস্ত িপায় তবে (আল্লাহ ও তাঁর বধিানরে প্রত)ি উদ্যত কাফরে শাস্ত িপাওয়া আরও বশেি যুক্তযিুক্ত। খাবার, পানীয়, পোশাক এ জাতীয় আল্লাহর নয়োমত ভোগ করার কারণে যদ িকাফরেকে শাস্ত িদয়ো হয় তাহলে নষিদ্ধি বষিয়ে লপ্তি হওয়া ও নর্িদশে লঙ্ঘনরে কারণে তাকে শাস্ত িদয়ো আরও অধকি যুক্তযিুক্ত। এট িক্বয়িাস শ্রণেীর দললি।

নকলী দললি হচ্ছ-ে আল্লাহ তাআলা ডানপন্থীদরে সম্পর্কে বলনে তারা পাপীদরেকে লক্ষ্য করে বলব:ে

ما سلككم في سقر . قالوا لم نك من المصلين . ولم نك نطعم المسكين وكنا نخوض مع الخائضين وكنا نكذب بيوم الدين][)
[74 المدثر: 42-46

"বলব:ে তোমাদরেকে কসিে জাহান্নামে নীত করছ?ে তারা বলব:ে আমরা নামায পড়তাম না, মসিকীনকে আহার্য্য দতিাম না, আমরা সমালোচেকদরে সাথে সমালোচেনা করতাম এবং আমরা প্রতফিল দবিসকে অস্বীকার করতাম।"[৭৪ আল-মুদাসসরি : ৪২-৪৬]

অতএব আয়াতে উল্লখেতি চারট িবষিয় তাদরেকে জাহান্নামে প্রবশে করয়িছে।ে

(১) "আমরা নামায পড়তাম না"- নামায

(২) "মসিকীনকে আহার্য্য দতিাম না"- যাকাত

(৩) "আর আমরা সমালোচেকদরে সাথে সমালোচেনা করতাম" যমেন- আল্লাহর আয়াতগুলো নয়িে বদ্রিূপ করা।

(৪) “আমরা প্রতফিল দবিসকে অস্বীকার করতাম”।

দ্বতিীয় শর্ত:

মুকাল্লাফ বা শরয়ি ভারপ্রাপ্ত হওয়া। মুকাল্লাফ হচ্ছনে- ববিকে-বুদ্ধি সম্পন্ন সাবালক ব্যক্তি। কারণ নাবালক কংিবা পাগলরে উপর কোন শরয়ি ভার নইে। কোন নাবালকরে বালগে হওয়া তনিটি বিষয়রে যে কোন একটরি মাধ্যমে সাব্যস্ত হয়। (70475) নং প্রশ্নরে উত্তর থকেে এ বিষয়টি জনেে নতিে পারনে।

বুদ্ধিসম্পন্ন এর বপিরীত হল পাগল তথা ববিকে-বুদ্ধহিীন। সে পাগল উচ্ছৃঙ্খল হোক অথবা শান্ত হোক এবং তার পাগলামি যে ধরনরে হোক না কনে সে শরয়ি ভারপ্রাপ্ত বা মুকাল্লাফ নয়। তার উপর দ্বীনরে কোন আবশ্যকীয় (ওয়াজবি) দায়ত্বি নইে। যমেন- নামায, রোজা, মসিকীনকে খাওয়ানো ইত্যাদি। অর্থাৎ তার উপর কোন কছিু ওয়াজবি নয়।

তৃতীয় শর্ত: সক্ষম হওয়া। অর্থাৎ সয়িাম পালনে সক্ষম হওয়া। অতএব, যে ব্যক্তি অক্ষম তার উপর সয়িাম পালন করা ওয়াজবি নয়। এর দললি আল্লাহ তাআলার বাণী:

[ومن كان مريضا أو على سفر فعدةٌ من أيام أُخر ) [ 2 البقرة: 185 )

“আর যে ব্যক্তি অসুস্থ অথবা যে ব্যক্তি সফরে আছে তারা সইে সংখ্যা অন্য দনিগুলোতে পূরণ করব।”[২ আল-বাক্বারাহ : ১৮৫]

অক্ষমতা দুই প্রকার: সাময়কি অক্ষমতা ও স্থায়ী অক্ষমতা।

(১.) সাময়কি অক্ষমতার কথা ইতপিূর্বে উল্লখেতি আয়াতে এসছে। যমেন- এমন রোগী যার সুস্থতা আশা করা যায় এবং মুসাফরি। এ ব্যক্তদিরে জন্য রোজা না-রাখা জায়যে আছে। তারা ছুটে যাওয়া দনিগুলোর রোজা পরে কাযা করবনে।

(২.) স্থায়ী অক্ষমতা। যমেন- এমন রোগী যার সুস্থতা আশা করা যায় না এবং এমন বৃদ্ধ লোক যনিি সয়িাম পালনে অক্ষম। এ অক্ষমতার বিষয় নম্নিোক্ত আয়াতে উল্লখে করা হয়ছে।

[وَعَلَى الَّذِينَ يُطِيقُونَهُ فِدْيَةٌ طَعَامُ مِسْكِينٍ [البقرة: 184

“আর যারা রোজা পালনে অক্ষম তারা ফদিয়িা দবিে (অর্থাৎ মসিকীন খাওয়াবে)।” [২ সূরা বাক্বারা: ১৮৪]

এই আয়াতরে তাফসীরে ইবনে আব্বাস (রাঃ) বলনে- “বৃদ্ধ ও বৃদ্ধা যারা রোজা পালনে সক্ষম নয় তারা প্রতদিনিরে বদলে একজন মসিকীনকে খাওয়াব।”

চতুর্থ শর্ত: নজি গৃহে অবস্থানকারী বা মুকীম হওয়া। সুতরাং মুসাফরিরে উপর রোজা পালন করা ওয়াজবি নয়। এর দললি আল্লাহ তাআলা বাণী:

( 185 :البقرة 2 ] ( وَمن كان مريضاً أو على سفر فعدةٌ من أيامٍ أُخر]

"আর যে ব্যক্তি অসুস্থ অথবা যে ব্যক্তি সফরে আছে তারা সেই সংখ্যা অন্য দনিগুলোতে পূরণ করবে।"[২ আল-বাক্বারাহ : ১৮৫]

আলমেগণ ইজমা (ঐকমত্য) করছেনে যে, মুসাফরিরে জন্য রোজা না-রাখা জায়েয। তবে উত্তম হলো- তার জন্য যেটা বেশি সহজ সেটো করা। পক্ষান্তরে যদি রোজা পালন করায় তার স্বাস্থ্যরে ক্ষতি হয় তবে তার জন্য রোজা পালন করা হারাম। এর দললি হচ্ছে- আল্লাহ তাআলার বাণী:

( 29 :النساء 4 ] ( ولا تقتلوا أنفسكم إن الله كان بكم رحيما]

"তোমেরা আত্মহত্যা করো না। নশি্চয় আল্লাহ তোমাদরে প্রতি অতি দয়াময়।"[৪ আন-নসিা :২৯]

এই আয়াত থকেে এই নর্দিশেনা পাওয়া যায় যে, যা মানুষরে জন্য ক্ষতকির তা তার জন্য নষিদ্ধি। দখেুন প্রশ্ন নং (20165)।

আপনি যদি বলনে সেই ক্ষতি কভিাবে পরমিাপ করা হবে, যা রোজা রাখা হারাম করে দয়ে? জবাব হল: সে ক্ষতটিা ইন্দ্রয়ি দয়িে অনুভব করা সম্ভব অথবা তথ্যরে ভত্তিতিে জানা সম্ভব।

(১.) ইন্দ্রয়ি দয়িে অনুভব করা অর্থাৎ রোগী নজিইে অনুভব করা যে রোজা পালন করার কারণে তার স্বাস্থ্যরে ক্ষতি হচ্ছে, রোগ বড়েে যাচ্ছে এবং সুস্থতা বলিম্বতি হচ্ছে ইত্যাদ।ি

(২.) আর তথ্যরে মাধ্যমে ক্ষতি সম্পর্কে জানার অর্থ হল- একজন বজ্ঞি ও বশি্বস্ত ডাক্তার রোগীকে এ তথ্য দবিে যে রোজা পালন করা তার স্বাস্থ্যরে জন্য ক্ষতকির।

পঞ্চম শর্ত: রোজা পালনে কোনে প্রতবিন্ধকতা না থাকা। এ শর্তটি নারীদরে ক্ষত্রেে প্রযোজ্য। হায়যে ও নফিাস অবস্থায় নারীর জন্য সয়িাম পালন অনবিার্য নয় এবং এর দলীল হল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে বাণী:

" أليس إذا حاضت لم تصل و لم تصم "

"একজন নারীর হায়যে (মাসকি) হলে সে কি নামায ও রোজা ত্যাগ করে না?"[আল- বুখারী: ২৯৮]

আলমেগণরে ইজমা (সর্বসম্মতি) এর ভত্তিতিে হায়যে ও নফিাস অবস্থায় নারীর উপর রোজো পালন করা ওয়াজবি নয়। এমতাবস্থায় রোজো পালন করলে শুদ্ধ হবে না। বরং পরবর্তীতে এই দনিগুলোর রোজো কাযা আদায় করা বাধ্যতামূলক।[আশ-শারহুল-মুমতি (৬/৩৩০)]

আল্লাহই সবচয়েে ভালো জাননে।